দৈনিক বাংলা

তারিখ ৩১/৭/৮১
পৃষ্ঠা ... কলাম ...

106

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

অধ্যক্ষ ও তত্ত্বাবধায়কের কার্যালয়,
বাংলাদেশ গ্লাস এন্ড সিরামিক ইনস্টিটিউট,
তেজগাঁও, ঢাকা-৮।

# ভর্তির বিজ্ঞপ্তি

বাংলাদেশ গ্লাস এন্ড সিরামিক ইনস্টিটিউট, তেজগাঁও, ঢাকা-৮ সিরামিক-এ আর্টিজান কোর্সে ১৯৮১-৮২ শিক্ষা বর্ষে ভর্তির নিমিত্তে ন্যূনপক্ষে এসএসসি মানের (নন-ম্যাট্রিক) শিক্ষাগত যোগ্যতা-সম্পন্ন আগ্রহী পুরুষ এবং মহিলা উভয় প্রকার প্রার্থীর নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে। আসন-সংখ্যা: ২৫ (পঁচিশ)।

যে সমস্ত প্রার্থী উচ্চতর শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন এবং যাহাদের বয়স ২১ বৎসরে অধিক তাহারা উক্ত কোর্সের জন্য অযোগ্য বলিয়া বিবেচিত হইবে। সিরামিক গ্লাস এবং অন্যান্য সংশ্লিষ্ট ইন্ডাস্ট্রিতে প্রতিনিধিত্বকারী প্রার্থিগণের ক্ষেত্রে উপরোক্ত শর্তসমূহ শিথিলযোগ্য।

এই কোর্সের মেয়াদ এক বৎসর এবং ইহাতে পটারী এবং সিরামিক-এর অন্যান্য শাখাসমূহে ব্যবহারিক ও তত্ত্বীয় উভয় প্রকার প্রশিক্ষণ প্রদানের চেষ্টা করা হয়।

মেধাবী ছাত্রবৃন্দের জন্য কিছু বৃত্তির ব্যবস্থা রহিয়াছে।

সাদা কাগজে পূর্ণ বিবরণ দিয়া দুই কপি সার্টিফিকেট (যাহার একটি অবশ্যই সর্বশেষ শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধানের নিকট হইতে এবং দুই কপি (সত্যায়িত) পাসপোর্ট আকারের ছবিসহ দরখাস্ত ৩১-৮-৮১ ইং তারিখ বা তৎপূর্বে নিম্নস্বাক্ষরকারীর দফতরে অবশ্যই পৌঁছাইতে হইবে।

অধ্যক্ষের অনুকূলে ১০/- (দশ) টাকার ক্রসড পোস্টাল অর্ডার আবেদনপত্র ফি হিসাবে অবশ্যই দরখাস্তের সহিত দাখিল করিতে হইবে।

ভর্তি পরীক্ষা (মৌখিক) আগামী ১৭-৯-৮১ ইং তারিখে সকাল ১০টা হইতে অত্র শিক্ষায়তনে আরম্ভ হইবে। ইন্টারভিউর সময় প্রার্থীদিগকে অবশ্যই সার্টিফিকেট এবং টেস্টিমোনিয়ালসমূহের মূল কপি প্রদর্শন করিতে হইবে। অন্যথায় তাহারা সাক্ষাৎকার গ্রহণে বঞ্চিত হইবেন।

ভর্তি পরীক্ষার জন্য কোন আলাদা ইন্টারভিউ কার্ড ইস্যু করা হইবে না এবং কোন ভ্রমণ ভাতা প্রদান করা হইবে না।

তবম—৫৫২৪(১৩-৮)
জি—২০৩৫

বদির উদ্দিন আহমদ,
অধ্যক্ষ।